# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩০৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯) মসজিদে গমণ করা। বিশেষ করে অন্ধকারে এবং তার ফযীলতের বর্ণনা

## الترغيب في المشي إلى المساجد سيما في الظلم وما جاء في فضلها

আরবী

(صحيح) وَ عَنْ جَابِرِ رَضِيَ اللَّهُ عَنْهُ ، قَالَ: خَلَتِ الْبِقَاعُ حَوْلَ الْمَسْجِدِ فَأَرَادَ بَنُو سَلِمَةَ أَنْ يَنْتَقِلُوا قُرْبَ الْمَسْجِدِ فَبَلَغَ ذَلِكَ النبي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ لَهُمْ: بَلَغَنِي أَنَّكُمْ تُرِيدُونَ أَنْ تَنْتَقِلُوا قُرْبَ الْمَسْجِدِ " قَالُوا: نَعَمْ يَا رَسُولَ اللهِ قَدْ أَرَدْنَا ذَلِكَ فَقَالَ: " يَا بَنِي سَلِمَةَ دِيَارُكُمْ تَكْتُبُ آثَارَكُمْ ، دِيَارُكُمْ تَكْتُبُ آثَارَكُمْ فقالوا ما يسرنا أنا كنا تحولنا. رواه مسلم

বাংলা

৩০৪. (সহীহ্) জাবের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ মসজিদের পাশে একটি স্থান খালি হলে বনু সালামা গোত্রের লোকেরা মসজিদের নিকটবর্তী সে জায়গায় স্থানান্তরিত হওয়ার ইচ্ছা করল। এ সংবাদ নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট পৌঁছলে তিনি তাদেরকে বললেনঃ

’’শুনলাম তোমরা নাকি মসজিদের নিকটে স্থানান্তরিত হওয়ার ইচ্ছা করেছ?’’ তারা বলল হ্যাঁ, হে আল্লাহর রাসূল! আমরা এরূপ ইচ্ছা করেছি। তিনি বললেনঃ ’’হে বনু সালমা গোত্র! তোমরা পূর্বের স্থানেই থাক, তোমাদের পদক্ষেপ সমূহ লিখা হবে। তোমরা তোমাদের আগের বাসস্থানেই রয়ে যাও, (মসজিদের প্রতি) তোমাদের পদক্ষেপ সমূহ লিখে রাখা হবে।’’ একথা শুনে তারা বললঃ এতে আমরা যত খুশী হয়েছি, স্থানান্তরিত হয়ে গেলে এত খুশী হতে পারতাম না।’’

(হাদীছটি বর্ণনা করেছেন মুসলিম ৬৬৫ প্রমূখ। মুসলিমের অনুরূপ এক রেওয়ায়াতের শেষে রয়েছেঃ ’’তোমাদের প্রত্যেক পদক্ষেপে রয়েছে একটি করে মর্যাদা।’’

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88075

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন